

(প্রেস বিজ্ঞপ্তি)

২৩ অক্টোবর ২০২২ খ্রি.

চসিক ভ্রাম্যমাণ আদালত
এডিস মশার বংশ বিস্তার রোধে অভিযান ও
রাস্তায় নির্মাণ সামগ্রী রাখার দায়ে ১০ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ রবিবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী নগরীর উত্তর কাউলী ওয়ার্ডস্থ কর্ণেল জোনস রোডের উভয় পার্শ্বের অবৈধ স্থাপনা উচ্ছেদ করে জায়গা অবৈধ দখলমুক্ত করা হয়। এবং রাস্তায় নির্মাণ সামগ্রী রেখে জনসাধারণের চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে এক ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১০ হাজার টাকা জরিমানা করা হয়।

এছাড়া উত্তর মধ্যম হালিশহর ওয়ার্ডে ডেঙ্গু রোগ প্রতিরোধে বিভিন্ন বাড়ী ও জলবদ্ধতা স্থান পরিদর্শন করে মশার ঔষধ স্প্রে করা হয়। এই সময় এডিস মশার বংশ বিস্তার রোধে বাড়ীর আঙ্গিনা, ছাদ বাগান ও জলবদ্ধ স্থান পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য জনসাধারণকে সচেতন করা হয়। অভিযানে অংশ নেন সিটি মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ, পাহাড়তলী থানা ও আকবরশাহ থানা পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩